

পরিব্রহ ঈদ-উল-আয়হা/২০২২ উপলক্ষে আন্তঃনগর ট্রেনের টিকেট বিক্রয় সংক্রান্ত বিজ্ঞপ্তি

আমর পরিব্রহ ঈদ-উল-আয়হা/২০২২ উপলক্ষে সম্মানিত যাত্রী সাধারণের জন্য বাংলাদেশ রেলওয়ের আন্তঃনগর ট্রেনের অগ্রিম টিকেট বিশেষ ব্যবস্থাগ্রাম্য বিক্রয় করা হবে। অগ্রিম টিকিট বিক্রয় সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:

ঈদ যাত্রার অগ্রিম টিকেট বিক্রয় সংক্রান্ত সময়সূচী:

বিক্রয়ের তারিখ	যাত্রার তারিখ
০১ জুলাই, ২০২২	০৫ জুলাই, ২০২২
০২ জুলাই, ২০২২	০৬ জুলাই, ২০২২
০৩ জুলাই, ২০২২	০৭ জুলাই, ২০২২
০৪ জুলাই, ২০২২	০৮ জুলাই, ২০২২
০৫ জুলাই, ২০২২	০৯ জুলাই, ২০২২

ঢাকা শহরের নিম্নোক্ত ০৬ (ছয়)টি ও জয়দেবপুর স্টেশনের ০১ (এক)টি কেন্দ্র হতে টিকেট বিক্রয় করা হবে:

স্টেশন	ট্রেনের রুট
ঢাকা (কমলাপুর)	সমগ্র উত্তরাঞ্চলগামী আন্তঃনগর ও বী.মু.সি.ই (পঞ্চগড়) ঈদ স্পেশাল ট্রেন
ঢাকা (কমলাপুর) শহরতলী স্টেটফরম	রাজগাহী ও খুলনাগামী সকল আন্তঃনগর ট্রেন
ঢাকা বিমানবন্দর	চট্টগ্রাম ও নোয়াখালীগামী সকল আন্তঃনগর ট্রেন
তেজগাঁও	ময়মনসিংহ, জামালপুর, দেওয়ানগঞ্জগামী সকল আন্তঃনগর ট্রেন ও দেওয়ানগঞ্জ ঈদ স্পেশাল ট্রেন
ঢাকা ক্যান্টনমেন্ট	মোহনগঞ্জগামী আন্তঃনগর ট্রেন
ফুলবাড়িয়া (পুরাতন রেলওয়ে স্টেশন)	সিলেট ও কিশোরগঞ্জগামী সকল আন্তঃনগর ট্রেন
জয়দেবপুর	বী.মু.সি.ই (পঞ্চগড়) ঈদ স্পেশাল ট্রেন (ঈদের ০৩ (তিনি) দিন পূর্ব হতে চলাচল করবে)

বিঃ দ্রঃ i) বী.মু.সি.ই (পঞ্চগড়) ঈদ স্পেশাল ট্রেনের যাত্রিগণকে যাত্রার তারিখে জয়দেবপুর রেলওয়ে স্টেশন হতে নির্ধারিত ট্রেনে আরোহন করতে হবে।

ii) ০৬ জুলাই হতে ০৯ জুলাই পর্যন্ত ঢাকাগামী একতা, পঞ্চগড়, মীলসাগর, কুড়িগ্রাম, লালমনি ও রংপুর এক্সপ্রেস ট্রেন
সমূহের ঢাকা বিমানবন্দর স্টেশনে যাত্রা বিরতি থাকবে না।

- “টিকেট যার ভ্রমণ তার” প্লোগান বাস্তবায়নে টিকিট ক্রয়ের ক্ষেত্রে সম্মানিত যাত্রীদের এনআইডি/জন্ম সনদ ফটোকপি
কাউন্টারে প্রদর্শনপূর্বক টিকেট ক্রয় করতে হবে।
- “রেল সেবা” মোবাইল অ্যাপ, ইন্টারনেট ও কাউন্টারের মাধ্যমে একযোগে ঈদের অগ্রিম টিকিট সকাল ০৮:০০ ঘটিকা
হতে বিক্রি শুরু হবে।
- প্রতিটি টিকিট বিক্রয় কেন্দ্রে মহিলা ও প্রতিবর্ষীয় যাত্রীদের জন্য একটি করে পৃথক কাউন্টার থাকবে এবং আন্তঃনগর ট্রেনে
শুধুমাত্র মহিলা ও প্রতিবর্ষীয় যাত্রীদের জন্য একটি কোচ সংরক্ষিত থাকবে।
- তেজগাঁও স্টেশন, ঢাকা ক্যান্টনমেন্ট স্টেশন এবং ফুলবাড়িয়া (পুরাতন রেলওয়ে স্টেশন) হতে টিকেট ক্রয়কারী সম্মানিত
যাত্রিগণকে যাত্রার তারিখে ঢাকা (কমলাপুর) অথবা বিমানবন্দর রেলওয়ে স্টেশন হতে নির্ধারিত ট্রেনে আরোহন করতে
হবে।
- স্পেশাল ট্রেনের টিকিট শুধুমাত্র স্টেশন কাউন্টার হতে বিক্রি করা হবে।
- স্পেশাল ট্রেন সমূহের ঢাকা বিমানবন্দর স্টেশনে যাত্রা বিরতি থাকবে না।
- একজন যাত্রী একসাথে সর্বোচ্চ ০৪ (চার)টি টিকিট ক্রয় করতে পারবে।
- ঈদের অগ্রিম বিক্রিত টিকিট ফেরৎ নেয়া হবে না।



বাংলাদেশ রেলওয়ে

আগনীর আস্থাই আমাদের অনুপ্রেরণা

